গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০২৬.০৬.০০৩.২০-২০০

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৯ মে ২০২২

বিষয়: সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে গত ১৮ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হল। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (Nikosh ফন্টে হার্ড ও সফট কপি) ই-মেইলে (dstraco@rthd.gov.bd) আগামী ০৫/০৬/২০২২ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে

২৯/৫/2022

(নীলিমা আফরোজ)
উপসচিব
☎২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৫. চেয়ারম্যান, বিআরটিসি, ২১, রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণভবন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, টেকনিক্যাল সার্ভিস/মেকানিক্যাল/ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সড়ক ও জনপথ অধিদপ্তর, ঢাকা/প্রধান কার্যালয়/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট/সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার/প্রোগ্রামার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার/সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

**অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)**

সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা

# এপ্রিল ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মো: নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ১৮ মে ২০২২
সময় : সকাল: ১০.৩০ মিনিট
স্থান : অনলাইন (জুম অ্যাপস্)
উপস্থিতি : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অনলাইনে (জুম অ্যাপস্) সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা ও পর্যালোচনার পর নিম্নের বিবরণ অনুযায়ী সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>১৭ এপ্রিল'২২ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হল। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **অনিষ্পন্ন বিভাগীয় মামলা নিষ্পত্তিকরণ:**<br>**এপ্রিল'২২ পর্যন্ত বিভাগীয় মামলার তথ্যাদি** | | |

| দপ্তর/সংস্থার নাম | মার্চ'২১ মাস পর্যন্ত অনিষ্পন্ন মামলার সংখ্যা | এপ্রিল'২২ মাসে আগত মামলার সংখ্যা | মোট | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | বিবেচ্য মাসে অনিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | চাকরিচ্যুতি /বরখাস্ত | দন্ড | অব্যাহতি | মোট | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৫ | - | ০৫ | - | - | - | - | ০৫ |
| সড়ক ও জনপথ অধিদপ্তর | - | - | - | - | - | - | - | - |
| বিআরটিএ | ১১ | - | ১১ | - | - | - | - | ১১ |
| বিআরটিসি | ২৮ | ০৮ | ৩৬ | - | ০৪ | ০২ | ০৬ | ৩০ |
| ডিটিসিএ | - | - | - | - | - | - | - | - |
| মোট | ৪৪ | ০৮ | ৫২ | - | ০৪ | ০২ | ০৬ | ৪৬ |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>যুগ্মসচিব (প্রশাসন) জানান, এপ্রিল'২২ পর্যন্ত চলমান ০৫টি মামলার মধ্যে ২টি মামলার শুনানী শেষে গত ২৭.০২.২০২২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। অপর ১টি মামলায় ২৬.০৪.২০২২ তারিখে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছে। ১টি মামলায় ২য় কারণ দর্শানোর নোটিশ ৩০.০৩.২০২২ তারিখে জারি করা হয়, কোনো জবাব পাওয়া যায়নি। পরবর্তী কার্যক্রমের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। ১টি মামলায় ১১.০৪.২০২২ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। বিলম্ব না করে তদন্ত কার্যক্রম সম্পন্ন করে প্রতিবেদন দাখিলে জন্য তদন্ত কর্মকর্তাদের পরামর্শ প্রদান করা হয়। | চলমান বিভাগীয় মামলা নিষ্পত্তিকল্পে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং তদন্ত কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) / সংশ্লিষ্ট তদন্ত কর্মকর্তা |
| **সওজ অধিদপ্তর:**<br>সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান, সওজ অধিদপ্তরে বর্তমানে কোনো বিভাগীয় মামলা চলমান নেই। মামলা দায়ের হলে নিয়ম অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | মামলা দায়ের হলে নিয়ম অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ |
| **বিআরটিএ:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, বিধি-বিধান অনুযায়ী মামলা নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রয়েছে। এপ্রিল'২২ মাস পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ১১টি। এর মধ্যে আদালতে ১টি ও দুদকে ৭টি মামলা চলমান থাকায় সিদ্ধান্ত/আদেশ অপেক্ষমান রয়েছে। অপর ৩টি বিভাগীয় মামলার মধ্যে ২টির তদন্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে পরবর্তী কার্যক্রম গ্রহণ প্রক্রিয়াধীন আছে এবং ১টি মামলায় তদন্ত প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় মামলা নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (আইন) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | বিআরটিসি:<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, মার্চ'২২ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ছিল ২৮টি। এপ্রিল'২২ মাসে ৮টি মামলা রুজু এবং ৬টি মামলা নিস্পত্তি হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন মামলার সংখ্যা ৩০টি। নিস্পত্তির কার্যক্রম অব্যাহত আছে। | বিভাগীয় মামলার নিস্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| ৩. | আদালতে অনিষ্পন্ন মামলা<br>**এপ্রিল'২২ সময় পর্যন্ত মামলার তথ্যাদি নিম্নরূপ:** | | |

| দপ্তর/সংস্থার নাম | মার্চ'২২ মাস পর্যন্ত অনিষ্পন্ন মামলার সংখ্যা | এপ্রিল'২২ মাসে আগত মামলার সংখ্যা | মোট | বিবেচ্যমাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | মামলার ফলাফল | | মাস শেষে পেন্ডিং মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সংস্থার পক্ষে | বিপক্ষে | |
| সওজ অধিদপ্তর | ৩৮৬৯ | ৩ | ৩৮৭২ | ২ | ২ | ০ | ৩৮৭০ |
| বিআরটিএ | ২৭৭ | ১ | ২৭৮ | ০ | ০ | ০ | ২৭৮ |
| বিআরটিসি | ৯৪ | ১ | ৯৫ | ১ | ১ | ০ | ৯৪ |
| ডিটিসিএ | ০৪ | ০ | ০৪ | ০ | ০ | ০ | ০৪ |
| মোট | ৪২৪৪ | ৫ | ৪২৪৯ | ৩ | ৩ | ০ | ৪২৪৬ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (ক) উপসচিব (আইন) জানান, হালনাগাদকৃত ১২৮টি কনটেম্পট মামলার মধ্যে ৩১টি মামলা নিস্পত্তি হয়েছে। আরো ৯টি মামলা নিস্পত্তি হয়েছে মর্মে আইনজীবী জানিয়েছে। অবশিষ্ট ৮৮টি মামলা নিস্পত্তির বিষয়ে দপ্তর/সংস্থা ও আইনজীবীদের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>(খ) এস্টেট ও আইন কর্মকর্তা, সওজ, প্রধান কার্যালয় জানান, সওজ অধিদপ্তরের ১২৪টি কনটেম্পট মামলা নিস্পত্তির লক্ষ্যে আইনজীবীদের সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। বিআরটিএ'র ৪টি কনটেম্পট মামলা নিয়মিত মনিটরিং করা হচ্ছে। আইনজীবীকে প্রয়োজনীয় তথ্যাদি ও পরামর্শ প্রদান করা হচ্ছে মর্মে চেয়ারম্যান, বিআরটিএ জানান।<br>(গ) উপসচিব (আইন) জানান, প্রশাসনিক ট্রাইব্যুনালে চলমান ৪৮টি মামলার মধ্যে কয়েকটি মামলা নিস্পত্তি হয়েছে মর্মে আইনজীবী জানিয়েছেন। আইনজীবীর নিকট হতে নিস্পত্তিমূলক সার্টিফিকেট প্রাপ্তি সাপেক্ষে নিস্পত্তি দেখানো হবে। তথ্য হালনাগাদকরণের কাজ চলমান আছে। আইনজীবীর মাধ্যমে মামলায় প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের সভায় পরামর্শ প্রদান করা হয়। | (ক) কনটেম্পট মামলাগুলো সতর্কতা ও গুরুত্বের সাথে দেখতে হবে এবং নিয়মিত আইনজীবীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে<br>(খ) সওজ অধিদপ্তরের ১২৪ টি কনটেম্পট মামলা ও বিআরটিএ'র ৪টি কনটেম্পট মামলা নিস্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ ও আইনজীবীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(গ) প্রশাসনিক ট্রাইব্যুনালের মামলা নিস্পত্তির লক্ষ্যে আইনজীবীর সাথে যোগাযোগ রাখতে হবে এবং আদালতে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (আইন)/ সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল) |
| | **সওজ অধিদপ্তর:**<br>(ক) এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়, সওজ অধিদপ্তর জানান, এপ্রিল'২২ মাসে ২টি মামলা নিস্পত্তি ও ৩টি মামলা রুজু হওয়ায় বর্তমানে সওজ অধিদপ্তরের মামলার সংখ্যা ৩৮৭০। নিস্পত্তিকৃত মামলা ২টির রায় সংস্থার পক্ষে এসেছে। সংস্থার পক্ষে আসায় সওজ অধিদপ্তরকে সভাপতি ধন্যবাদ জানান। মামলার বিষয়ে যথাযথ তৎপরতার সাথে কার্যক্রম পরিচালনার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।<br>(খ) উপসচিব (আইন) জানান, বকেয়া দাবীর বিষয়ে গঠিত কমিটি কর্তৃক নির্ধারিত ছক মোতাবেক সড়ক ও জনপথ অধিদপ্তর হতে তথ্য সংগ্রহের কাজ অব্যাহত রয়েছে। সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান, ছক মোতাবেক তথ্য চেয়ে সকল সড়ক বিভাগে পত্র দেয়া হয়েছে। ইতোমধ্যে ৯টি সড়ক বিভাগ হতে তথ্য পাওয়া গিয়েছে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (বাজেট) জানান, নির্ভুল এবং নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রেরণ করা প্রয়োজন, কারণ তথ্য প্রাপ্তির সাথে বাজেটের সম্পর্ক রয়েছে। তাই সওজ অধিদপ্তর হতে নির্ভুল তথ্য দ্রুত প্রেরণের জন্য তিনি সওজ এর সংশ্লিষ্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেন।<br>(গ) এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, কনটেম্পট নম্বর ৪৪৮/২০২০ (রীট পিটিশন নম্বর ৮০৪১/২০১৯ হতে উদ্ভূত) মামলার বিষয়ে আইনজীবীর সাথে যোগাযোগ রয়েছে। আইনজীবীকে প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করা হয়েছে। নির্ধারিত তারিখে আইনজীবী আদালতে জবাব দাখিল করবেন। | (ক) সওজ এর ৩৮৭০টি মামলা নিস্পত্তির লক্ষ্যে তৎপরতার সাথে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত আইনজীবীদের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(খ) বকেয়া দাবীর বিষয়ে গঠিত কমিটির চাহিত নির্ভুল তথ্য দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(গ) ভোলা সড়ক বিভাগ সংশ্লিষ্ট কনটেম্পট নম্বর ৪৪৮/২০২০ (রীট পিটিশন নম্বর ৮০৪১/২০১৯ হতে উদ্ভূত) বিষয়ে আইনজীবীর সাথে যোগাযোগ এবং আদালতে প্রয়োজনীয় কাগজপত্র ও জবাব দাখিল করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (ঘ) উপসচিব (আইন) জানান, বেইলী ব্রীজের ক্ষতিসাধন সংক্রান্ত কোনো তথ্য পাওয়া যায়নি বিধায় নতুন কোনো মামলা রুজু করা হয়নি। আগের ২৮টি মামলা নিয়মিত ফলোআপ করা হচ্ছে। | (ঘ) বেইলী ব্রীজের ক্ষতিসাধন ও ভেঙ্গে যাওয়ার ঘটনায় যথাযথ প্রক্রিয়ায় মামলা করতে হবে এবং মামলাগুলো ফলোআপ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **বিআরটিএ :**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, মার্চ ২২ পর্যন্ত মামলা ছিল ২৭৭টি। এপ্রিল ২২ মাসে ১টি মামলা রুজু ও ১টি মামলা নিষ্পত্তি হওয়ায় বর্তমানে মামলার সংখ্যা ২৭৭টি। মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে আইন উপদেষ্টাদের সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রয়েছে। | মামলা নিষ্পত্তির লক্ষ্যে আইনজীবীদের সাথে যোগাযোগ ও মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (আইন) |
| | **বিআরটিসি :**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, মার্চ'২২ মাস পর্যন্ত বিআরটিসি'র অনিষ্পন্ন মামলা ছিল ৯৪টি। এপ্রিল'২২ মাসে ১টি মামলা রুজু ও ১টি মামলা নিষ্পত্তি হওয়ায় বর্তমানে মামলার সংখ্যা ৯৪টি। নিষ্পত্তিকৃত মামলাটির রায় সরকারের পক্ষে এসেছে। মামলা নিষ্পত্তির কার্যক্রম ত্বরান্বিত করার জন্য আইনবীজীদের সাথে নিয়মিত যোগাযোগ করা হচ্ছে। | মামলা নিষ্পত্তির লক্ষ্যে প্যানেল আইনজীবীদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ উপসচিব (আইন) |
| | **ডিটিসিএ**<br>বিজ্ঞ আদালতে বিচারাধীন মামলা রয়েছে ০৪টি। তন্মধ্যে ১টি কনটেম্পট, ২টি রীট ও ১টি লিভ টু আপীল মামলা। লিভ টু আপীল মামলাটি খারিজ হওয়া বর্তমানে মামলার সংখ্যা ৩টি। কনটেম্পট মামলার রায় বাস্তবায়ন করা হয়েছে। মামলাটি শুনানীর জন্য অপেক্ষাধীন রয়েছে। | মামলা নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং কনটেম্পট মামলার রায় বাস্তবায়নের বিষয়টি আইনজীবীর মাধ্যমে আদালতকে অবহিত করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ উপসচিব (আইন) |

৪. **অডিট আপত্তির বিবরণী:**

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০১ | - | - | ০১ | - | ০১ | - | ০১ |
| সওজ অধিদপ্তর | ৭৩৭৫ | ১১৪৮ | ৫৬১৭ | ৬১০ | - | ৭৩৭৫ | ৭ (অ:) | ৭৩৬৮ |
| বিআরটিসি | ১২৩২ | ১৭৮ | ৯৬৩ | ৯১ | - | ১২৩২ | - | ১২৩২ |
| রিআরটিএ | ৩৬৪ | ১৩৬ | ২২৮ | - | - | ৩৬৪ | - | ৩৬৪ |
| ডিটিসিএ | ১১ | ০৩ | ০৮ | - | - | ১১ | - | ১১ |
| ডিএমটিসিএল | ৭ | ০৫ | ০২ | - | - | ০৭ | ১ | ০৬ |
| মোট | ৮৯৯০ | ১৪৭০ | ৬,৮১৮ | ৭০২ | - | ৮৯৯০ | ০৮ | ৮৯৮২ |

সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান মার্চ'২২ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৮৯৯০টি। এপ্রিল'২২ মাসে কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় এবং ৮টি অডিট আপত্তি নিষ্পত্তি হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮৯৮২টি।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সিনিয়র সহকারী সচিব (অডিট) অবহিত করেন:<br>(ক) (১) এ বিভাগের ১টি খসড়া অডিট আপত্তি পিএ কমিটিতে উত্থাপনের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রয়েছে। | (ক) এ বিভাগের ১টি খসড়া অডিট আপত্তি পিএ কমিটিতে উত্থাপনের নিমিত্ত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট)/ সিনিয়র সহকারী সচিব (অডিট) |
| | (ক) (২) গত ০৯.০২.২০২২ তারিখে অনুষ্ঠিত পিএ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে সড়ক ও জনপথ অধিদপ্তরের সংশ্লিষ্ট কার্যালয়গুলোর মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া, পিএ কমিটির সিদ্ধান্ত মোতাবেক গঠিত ৪টি তদন্ত কমিটির মাধ্যমে ৪টি অনুচ্ছেদের বিষয়ে তদন্ত কার্যক্রম চলমান রয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয় সিলেট সড়ক বিভাগ সংশ্লিষ্ট আপত্তির বিষয়ে তদন্ত প্রতিবেদন জমা দিয়েছেন। ৭টি অনুচ্ছেদের ভ্যাট কর্তনের বিষয়ে সড়ক বিভাগ হতে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। কয়েকটি সড়ক বিভাগ হতে ভ্যাট কর্তনপূর্বক প্রমাণক এ বিভাগে প্রেরণ করেছে। সবগুলো পাওয়া গেলেই পরিবহন অডিট অধিদপ্তরের মাধ্যমে সংসদীয় কমিটির সভায় উপস্থাপন করা হবে।<br><br>(খ) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের উদ্যোগ অব্যাহত রয়েছে। চলতি মাসের ২৬.০৫.২০২২ তারিখে ১টি এবং ২৯.০৫.২০২২ তারিখে ২টি সভা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে।<br><br>(গ) বিভাগ, সার্কেল, জোন পর্যায় হতে অডিট আপত্তির সংখ্যা যাচাই-বাছাইপূর্বক প্রত্যায়নসহ সওজ অধিদপ্তর হতে ৫৪৬২টি অডিট আপত্তির তথ্য জানানো হয়েছে। উক্ত অডিট আপত্তির সংখ্যা যাচাই-বাছাইয়ের জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে যোগাযোগ অব্যাহত আছে। | (ক) (২) গত ০৯.০২.২০২২ তারিখে অনুষ্ঠিত পিএ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে পিএ কমিটি বরাবর প্রেরণ করতে হবে।<br><br>(খ) দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে।<br><br>(গ) সওজ অধিদপ্তর এর মাধ্যমে যাচাই-বাছাইপূর্বক প্রাপ্ত অডিট আপত্তি সংখ্যার সঠিকতা নিরুপনের জন্য পরিবহন অডিট অধিদপ্তরে | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (নিরীক্ষা ও হিসাব)/সিনিয়র সহকারী সচিব (অডিট) /নির্বাহী প্রকৌশলী (সকল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | (ঘ) বিআরটিএ'র ৬৭টি অগ্রিম অডিট আপত্তির বিপরীতে ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র প্রেরণ করা হয়েছে। সভা আয়োজনের নিমিত্ত অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | (ঘ) ৬৭টি অগ্রিম অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট)/ চেয়ারম্যান, বিআরটিএ |
| | (ঙ) বিআরটিসি'র কল্যাণপুর বাস ডিপোর ১২টি সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভা আয়োজনের সুযোগ নেই। সংস্থার উদ্যোগে দ্বি-পক্ষীয় সভা আয়োজন করতে হবে। | (ঙ) ১২টি সাধারণ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের উদ্যোগ নিতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট)/ চেয়ারম্যান, বিআরটিসি |
| | (চ) আওতাধীন দপ্তর/সংস্থা'র ২০২০-২১ অর্থবছরের AIR (Serious Financial Irregulation) হিসেবে চিহ্নিত অগ্রীম আপত্তিসমূহের জবাব আগামী এক সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরে প্রেরণের বাধ্যবাধকতা রয়েছে অন্যথায় আপত্তিসমূহ বার্ষিক অডিট রিপোর্টভুক্ত হবার সম্ভাবনা রয়েছে। | (চ) দ্রুততম সময়ের মধ্যে ২০২০-২১ অর্থবছরের AIRভুক্ত SFI হিসেবে চিহ্নিত আপত্তিসমূহের ব্রডশীট জবাব এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| | (ছ) সিনিয়র সহকারী সচিব (অডিট), জানান, DUTP প্রকল্পের ৮টি অগ্রীম অডিট আপত্তির ওপর ডিটিসিএ হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়কে আহবায়ক করে কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক আগামী ৩০ দিনের মধ্যে প্রয়োজনীয় যাচাই-বাছাইপূর্বক অবলোকন সংক্রান্ত সুপারিশ/মতামত প্রদান করা হলে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হবে।। | (ছ) DUTP প্রকল্পের ৮টি অগ্রিম অডিট আপত্তির ওপর ডিটিসিএ হতে প্রাপ্ত মতামত যাচাই-বাছাইন্তে অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ অতিরিক্ত সচিব (বাজেট) |
| | (জ) ডিএমটিসিএল লাইন-৬ এর ৬টি আপত্তি অনিষ্পন্ন রয়েছে। এ বিষয়ে নিষ্পত্তিমূলক জবাব এবং ফাপাডের সাথে ডিএমটিসিএল এর পক্ষ হতে যোগাযোগ অব্যাহত আছে। | (জ) ডিএমটিসিএল লাইন-৬ এর ৬টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ফাপাডের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল)/ সিনিয়র সহকারী সচিব (অডিট) |
| | (ঝ) (১) সিনিয়র সহাকারী সচিব (অডিট) জানান, বিদ্যমান ৪২টি সিভিল অডিট আপত্তির মধ্যে ৩২টি আপত্তির নিষ্পত্তিমূলক পত্র সিএএফও কার্যালয় হতে সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট ১০টি অডিট আপত্তির মধ্যে বিআরটিএ'র ৩টি আপত্তির জবাব পাওয়া গেলেও সওজ অধিদপ্তরের ৬টি (২০১২-১৩ অর্থবছরের অনুচ্ছেদ ০৩, ০৪, ০৭ ও ২০১৩-১৪ অর্থবছরের অনুচ্ছেদ ০৫ এবং ২০১৪-১৬ অর্থবছরের অনুচ্ছেদ ০১ ও ০২) আপত্তির জবাব পাওয়া যায়নি। অডিট অধিদপ্তরে দ্রুত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে পিএ কমিটিতে চলে যাবে তাই সওজ অধিদপ্তর হতে দ্রুত জবাব প্রেরণের জন্য সভায় প্রধান প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। | (ঝ) সিভিল অডিটের ৬টি আপত্তির জবাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/চেয়ারম্যান, বিআরটিএ অতিরিক্ত সচিব (প্রশাসন/বাজেট) |
| | (ঞ) পরিচালক (নিরীক্ষা ও হিসাব) পদায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের একাধিকবার পত্র প্রেরণ ও এপিডি অনুবিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | (ঞ) পরিচালক (নিরীক্ষা ও হিসাব) পদায়নের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের এপিডি অনুবিভাগের সাথে যোগাযোগ করতে হবে। | অতিরিক্ত সচিব (বাজেট) |
| ৫. | পেনশন কেইস: | | |

| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/দপ্তর/সংস্থা | | বিগত মাস হতে আগত | বিবেচ্যমাসে আগত | মোট | বিবেচ্যমাসে নিস্পত্তি | অবশিষ্ট অনিস্পন্ন | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সওজ কর্মকর্তাদের পেনশন কেইস) | | ১ | - | ১ | - | ১ | দীর্ঘ পেন্ডিং |
| | | ২৭ | - | ২৭ | ২ | ২৫ | সাময়িক পেন্ডিং |
| সওজ অধিদপ্তর | ১ম - ৯ম গ্রেড | ১১ | ১ | ১২ | ১ | ১১ | |
| | ১০ম - ২০তম গ্রেড | - | ১১ | ১১ | ১১ | - | |
| বিআরটিসি | | ২৯৬ | ১ | ২৯৭ | ২০<br>আংশিক ২০৯ | ২৭৭ | গ্র্যাচুইটি |
| বিআরটিএ | | - | - | - | | - | |
| ডিটিসিএ | | - | - | - | - | - | |
| মোট | | ৩৩৫ | ১৩ | ৩৪৮ | ৩৪ | ৩১৪ | |

| | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ক. সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>উপসচিব (সওজ গেজেটেড ও সংস্থাপন) জানান, দীর্ঘ পেন্ডিং ১টি পেনশন কেইসের (জনাব খালেকুজ্জামান) অডিট সংক্রান্ত প্রতিবেদন পাওয়া যায়নি। এছাড়া, সাময়িক পেন্ডিং ২৭টি পেনশন কেইসের মধ্যে বিবেচ্য মাসে ২টি নিস্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ২৫টি পেনশন কেইসের মধ্যে ২টি | (১) (ক) জনাব খালেকুজ্জামান এর ৩টি খসড়া অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে পিএ কমিটিতে | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | পেনশন কেইস নিষ্পত্তি করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত আছে। অবশিষ্ট ২৩টি অডিট শাখা হতে অডিট রিপোর্ট পাওয়া সাপেক্ষে নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করা হবে। সিনিয়র সহকারী সচিব (অডিট) জানান, উক্ত কর্মকর্তাদের একাধিক অডিট আপত্তি রয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রিপোর্ট প্রদান সম্ভব হচ্ছেনা। সওজ অধিদপ্তর হতে জবাব না পাওয়ায় ত্রি-পক্ষীয় সভা আয়োজন এবং অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করা সম্ভব হচ্ছে না। সওজ অধিদপ্তর হতে দ্রুত জবাব প্রেরণের জন্য তৎপর হতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সভায় নির্দেশনা প্রদান করা হয়। | উত্থাপনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে।<br>(১) (খ) সাময়িক পেন্ডিং পেনশন কেইস নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং পেনশন কেইস সম্পর্কিত বিশেষ ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য জবাব প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (নিরীক্ষা ও হিসাব)/উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন)/ সি:স: সচিব (অডিট) |
| | **খ. সওজ অধিদপ্তর:**<br>সওজ অধিদপ্তর প্রতিনিধি জানান, সওজ অধিদপ্তরে নিষ্পত্তির লক্ষ্যে প্রক্রিয়াধীন ১২টি পেনশন কেইসের মধ্যে এপ্রিল'২২ মাসে ১টি পেনশন কেইসের কার্যক্রম নিষ্পত্তি করা হয়েছে। এছাড়া, ১০-২০ তম গ্রেডের ১১টি পেনশন কেইস নিষ্পত্তি করা হয়েছে। | পেনশন কেইস নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ |
| | **খ. বিআরটিসি:**<br>বিআরটিসি'র কর্মকর্তা ও কর্মচারিদের প্রতি মাসে গ্র্যাচুইটি ও বকেয়া পরিশোধ করা হচ্ছে। এপ্রিল'২২ মাসে কর্মকর্তা ও কর্মচারীদের গ্র্যাচুইটি ও বকেয়া বেতন বাবদ ৫ (পাঁচ) কোটি টাকা প্রদান করা হয়েছে। প্রতি ৩ মাস পর কর্মকর্তা ও কর্মচারিদের গ্র্যাচুইটি ও বকেয়া পরিশোধ করা হয়ে থাকে। | ধারাবাহিকতা ও অগ্রাধিকার নির্ধারণ করে কর্মকর্তা ও কর্মচারিদের গ্রাচ্যুইটি ও বকেয়া পরিশোধ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **গ. বিআরটিএ:**<br>বিআরটিএ-এর প্রতিনিধি জানান, এপ্রিল'২২ মাসে ০১(এক) জন সহকারী পরিচালক (ইঞ্জি:) এর পারিবারিক পেনশন মঞ্জুরি প্রদান করা হয়েছে। | পেনশন কেইস পাওয়া গেলে তা দ্রুততম সময়ে নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| ৬. | **আইন, বিধিমালা ও নীতিমালা প্রণয়ন/সংশোধন:**<br>**ক. সড়ক পরিবহন আইন ২০১৮ এর আওতায় বিধিমালা প্রণয়ন সংক্রান্ত:**<br>সহকারী সচিব (বিআরটিএ) জানান, সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর ওপর লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ১৭.০১.২০২২ তারিখ ভেটিং প্রদান করা হয়েছে। খসড়ায় অর্থের সংশ্লেষ থাকায় গত ২৪.০২.২০২২ তারিখে সম্মতি/অনাপত্তি প্রদানের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হয়। অর্থ বিভাগ কর্তৃক গত ১৩.০৪.২০২২ তারিখ কতিপয় তথ্য প্রদানের জন্য এ বিভাগকে অনুরোধ করে। অর্থ বিভাগের চাহিদা অনুযায়ী বিআরটিএ হতে তথ্য পাওয়া গিয়েছে। শীঘ্রই তা অর্থ বিভাগে প্রেরণ করা হবে। | সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর ওপর মতামতের বিষয়ে অর্থ বিভাগের চাহিত তথ্য দ্রুত প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/ চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (সম্পত্তি/আইন)/ সহকারী সচিব (বিআরটিএ) |
| | **খ. সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড আইন - ২০১৩ এর আওতায় বিধিমালা ২০২২ প্রণয়ন:**<br>উপসচিব (রক্ষণাবেক্ষণ) জানান, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড আইন-২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে প্রণীত খসড়া "সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড বিধিমালা-২০২২" এর ওপর অর্থ বিভাগ ও লেজিসলেটিভ বিভাগের মতামতের আলোকে বিধিমালা চূড়ান্ত করার ক্ষেত্রে কিছু জটিলতা দেখা দিয়েছে। বিষয়টি গভীরভাবে পর্যালোচনা করার প্রয়োজন রয়েছে। | সৃষ্ট জটিলতা গভীরভাবে পর্যালোচনা করে বিধিমালা চূড়ান্ত করার লক্ষ্যে কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | প্রধান নির্বাহী কর্মকর্তা (স.র.ত.ব)/ উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| | **গ. বিআরটি বিধিমালা ২০২২ প্রণয়ন:**<br>উপসচিব (বিআরটি) জানান, খসড়া বিআরটি বিধিমালা ২০২২ এর ওপর ২৪.০২.২০২২ তারিখে সংশ্লিষ্ট বিভাগ/মন্ত্রণালয়ের মতামত চাওয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে ৩টি দপ্তরের মতামত পাওয়া যায়। যাদের মতামত পাওয়া যায়নি তাদের ২৪.০৪.২০২২ তারিখের মধ্যে মতামত প্রদানের জন্য ১০.০৪.২০২২ তারিখে তাগিদ পত্র দেয়া হয়। পরবর্তীতে আরও দুটি দপ্তর/সংস্থার মতামত পাওয়া যায়। কিন্তু সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের মতামত না পাওয়ায় পুনরায় তাগিদসহ টেলিফোনে যোগযোগ করা হয়েছে। মতামত পাওয়ার পরই পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | বিআরটি বিধিমালা ২০২২ এর খসড়ার ওপর স্টেক হোল্ডারদের মতামত পাওয়ার পর আন্ত:মন্ত্রণালয় সভা আহবান করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ ব্যবস্থাপনা পরিচালক, বিআরটি/যুগ্মসচিব (এমআরটি) |
| | **ঘ. মহাসড়ক আইন ২০২১ এর আওতায় বিধিমালা প্রণয়ন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, 'মহাসড়ক বিধিমালা-২০২২' এর খসড়া প্রণয়নের লক্ষ্যে গঠিত কমিটির দু'টি সভা অনুষ্ঠিত হয়েছে। কমিটি সময় বৃদ্ধির অনুরোধ জানিয়েছেন। দ্রুত সময়ের মধ্যে বিধিমালা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | 'মহাসড়ক বিধিমালা-২০২২' এর খসড়া প্রণয়ন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (এস্টেট) |
| ৭. | <u>বৃক্ষরোপণ :</u><br>(ক) প্রকল্পের ডিপিপিতে বৃক্ষরোপণের জন্য ল্যান্ডস্কেপিং বিষয়টি অন্তর্ভুক্ত ও আলাদা অর্থ বরাদ্দ রাখার বিষয়ে অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জানান, প্রকল্পের ডিপিপিতে বৃক্ষরোপণের বিষয়টি উল্লেখ করা হলেও ল্যান্ডস্কেপিং অনুযায়ী অঙ্গাভিত্তিক বৃক্ষরোপনের বিষয়টি অন্তর্ভুক্ত করা হচ্ছেনা। বিষয়টি অঙ্গাভিত্তিক অন্তর্ভুক্ত এবং ল্যান্ডস্কেপিং অনুযায়ী বৃক্ষরোপনের বিষয়ে একটি গাইডলাইন প্রস্তুত করা প্রয়োজন। প্রধান বৃক্ষপালনবিদ জানান, প্রকল্পের মধ্যে বৃক্ষরোপনের বিষয়টি অন্তর্ভুক্ত থাকলেও তা বাস্তবায়নে জটিলতা রয়েছে। বছরের সব সময় বৃক্ষরোপন করা যায়না এবং রোপনের পর ২ বছর তা রক্ষণাবেক্ষণ করতে হয়। অনেক সময় প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যায় তাই উপযুক্ত সময়ে বৃক্ষরোপন এবং পরবর্তীতে তা রক্ষণাবেক্ষণে সমস্যা দেখা দেয়। তাই ল্যান্ডস্কেপিং অনুযায়ী বৃক্ষরোপনের জন্য একটি সুনির্দিষ্ট গাইডলাইন প্রণয়ন করা প্রয়োজন। | (ক) ল্যান্ডস্কেপিং অনুযায়ী বৃক্ষরোপনের জন্য গাইডলাইন প্রস্তুত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/ নির্বাহী বৃক্ষপালনবিদ, সওজ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (খ) উপসচিব, সওজ নন-গেজেটেড জানান, বন বিভাগ কর্তৃক সওজ অধিদপ্তরের জায়গায় বৃক্ষরোপণের বিষয়ে সওজ এর মতামত/সুপারিশের উপর ১৯ মে ২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | (খ) বন বিভাগ কর্তৃক সওজ অধিদপ্তরের জায়গায় বৃক্ষরোপণের বিষয়ে এ বিভাগের মতামত/সিদ্ধান্ত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়কে জানিয়ে দিতে হবে। | উপসচিব টোল ও এক্সেল) |
| | (গ) সড়ক বিভাগে রোপিত গাছের পরিচর্যা ও পরিদর্শন কার্যক্রম অব্যাহত আছে। বর্ষা মৌসুম শুরু হওয়ার সাথে সাথে মৃত গাছের স্থলে নতুন করে চারা গাছ রোপণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে।<br><br>(ঘ) মহাসড়কের রাইট অব ওয়ে নির্ধারণ এবং একটি নির্দিষ্ট ডিজাইন ও তথ্যসম্বলিত জিপিআরএস লোকেশনসহ স্থায়ী পিলার স্থাপনের কাজ জরুরিভিত্তিতে শুরু করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (গ) প্রতিটি সড়ক বিভাগের আওতায় রোপিত গাছের পরিচর্যা ও পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বর্ষা মৌসুমে মৃত গাছের স্থলে নতুন করে চারা গাছ রোপন সম্পন্ন করতে হবে।<br><br>(ঘ) মহাসড়কের রাইট অব ওয়ে নির্ধারণ এবং একটি নিদিষ্ট ডিজাইন ও তথ্যসম্বলিত জিপিআরএস লোকেশনসহ স্থায়ী পিলার স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ প্রধান বৃক্ষপালনবিদ/ নির্বাহী প্রকৌশলী (সকল) |
| ৮. | **অবৈধ স্থাপনা অপসারণ:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক অধিগ্রহণকৃত/রিকুইজিশনকৃত ও হস্তান্তরিত ভূমি/সম্পত্তি সওজ অধিদপ্তরের নামে রেকর্ডভুক্ত ও নামজারিকরণ সংক্রান্ত মার্চ ২০২২ মাসের সকল সড়ক জোনের সমন্বিত তথ্য সওজ অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে। সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) মার্চ'২০২২ পর্যন্ত নামজারির তথ্য সভায় উপস্থাপন করেন। তিনি জানান বিবেচ্য মাসে ৩টি নামজারি হয়েছে। এ পর্যন্ত এলএ কেইসের ২০৮৬ টিসহ মোট ৪২২২ টি কেইসের নামজারি হয়েছে। তবে নামজারির সংখ্যা আনুপাতিক হারে কম হচ্ছে। নামজারির সংখ্যা বৃদ্ধি না পাওয়ার বিষয়ে এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, এলএ কেইসের মধ্যে প্রায় ১৭৭৬টি কেইসের গেজেট হয়নি এছাড়া, নামজারির সময় সংশ্লিষ্ট কর্মকর্তার জাতীয় পরিচয়পত্র প্রদান করতে হয় এতে কিছু সমস্যার সৃষ্ঠি হচ্ছে। গেজেট ও নামজারির জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও ভূমি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করা হচ্ছে।<br><br>যুগ্মসচিব (এস্টেট) জানান, নামজারি করার বিষয়ে সওজ অধিদপ্তরের ক্রাস প্রোগ্রাম গ্রহণ করা প্রয়োজন। নামজারি করার ক্ষেত্রে যে সমস্যাগুলো পরিলক্ষিত হচ্ছে তা চিহ্নিত করে সমাধানের জন্য পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। প্রয়োজনে সমস্যা সমাধানে মন্ত্রণালয়ের সহযোগিতা গ্রহণের জন্য সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের দৃষ্টি আকর্ষণ করা হয়। | (ক) জেলা পরিষদ, স্থানীয় সরকার বিভাগ হতে হস্তান্তরকৃত এবং সওজ এর অধিগ্রহণকৃত ভূমির রেকর্ড বা নামজারির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) নামজারি করার জন্য ক্রাস প্রোগ্রাম গ্রহণ করতে হবে এবং প্রয়োজনে সমস্যা সমাধানে মন্ত্রণালয়ের সহযোগিতা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (এস্টেট), যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়:**<br>অধিভুক্ত এলাকায় অবৈধ উচ্ছেদ কার্যক্রম পরিচালনার জন্য সভায় এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়কে পরামর্শ প্রদান করা হয়। | উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ সম্পত্তি ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **ঢাকা জোন:**<br>সিনিয়র সহাকারী সচিব (এস্টেট) জানান, এস্টেট ও আইন কর্মকর্তা, ঢাকা জোন হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী-<br>(১) গত ১০.০৪.২০২২ তারিখ নীলফামারী সড়ক বিভাগাধীন (১) নীলফামারী-জলঢাকা সড়ক (জেড-৫৭০১) (২) জলঢাকা-ভাদুরদরগাহ-ডিমলা সড়ক (৩) ডোমার (বোড়াগাড়ী)-জলঢাকা (ভাদুরদরগাহ) সড়ক-এ সওজ অধিগ্রহণকৃত ভূমি হতে১৪৬টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ৩টি বিলবোর্ড ও সাইনবোর্ড অপসারণ করা হয়। এতে করে ৩.৫১ একর বা ৩৫১ শতাংশ ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির আনুমানিক বর্তমান বাজার মূল্য ১৪.৯০ কোটি টাকার কম/বেশী।<br><br>(২) গত ১৩.০৪.২০২২ তারিখ সড়ক ও জনপথ অধিদপ্তরের এশীয় উন্নয়ন ব্যাংক (ADB) এর আর্থিক সহায়তায় বাস্তবায়নাধীন "সাসেক সড়ক সংযোগ প্রকল্প-২: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের জন্য অধিগ্রহণকৃত ভূমি হতে ১০৫টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ৫টি বিলবোর্ড ও সাইনবোর্ড অপসারণ করা হয়। এতে করে ৪.৪১ একর বা ৪৪১ শতাংশ ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির আনুমানিক বর্তমান বাজার মূল্য ১৬.৫০ কোটি টাকার কম/বেশী। | অধিভুক্ত এলাকায় উচ্ছেদ অভিযান অব্যাহত রাখতে হবে এবং উদ্ধারকৃত জায়গা দখলে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ / অতিরিক্ত সচিব (এস্টেট)/এস্টেট ও আইন কর্মকর্তা, ঢাকা জোন |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (৩) গত ২১.০৪.২০২২ তারিখ সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে ঢাকা/মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন ঢাকা-সাভার মহাসড়ক ও নবীনগর-চন্দ্রা মহাসড়ক-এ সওজ অধিগ্রহণকৃত ভূমি হতে ৫০০টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ৭টি বিলবোর্ড ও সাইনবোর্ড অপসারণ করা হয়। এতে করে ৮.৫১ একর বা ৮৫১ শতাংশ ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির আনুমানিক বর্তমান বাজার মূল্য ৩০.২৫ কোটি টাকার কম/বেশী। এছাড়া মোবাইল কোর্টের মাধ্যমে ১২০০০.০০ টাকা জরিমানা করা হয়।<br><br>(৪) গত ২৪.০৪.২০২২ তারিখ সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে ঢাকা সড়ক বিভাগাধীন ঢাকা-সাভার মহাসড়ক এ সওজ অধিগ্রহণকৃত ভূমি হতে ৪৫০টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ৫টি বিলবোর্ড ও সাইনবোর্ড অপসারণ করা হয়। এতে করে ১৫.৩০ একর বা ১৫৩০ শতাংশ ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির আনুমানিক বর্তমান বাজার মূল্য ২৪.৮০ কোটি টাকার কম/বেশী। এছাড়া মোবাইল কোর্টের মাধ্যমে ৮৮,০০০ টাকা জরিমানা করা হয়।<br><br>(৫) গত ২৭.০৪.২০২২ তারিখ সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে মানিকগঞ্জ সড়ক বিভাগাধীন নবীনগর-চন্দ্রা মহাসড়ক এ সওজ অধিগ্রহণকৃত ভূমি হতে ৪৩০টি অবৈধ স্থাপনা উচ্ছেদ এবং ৩টি বিলবোর্ড ও সাইনবোর্ড অপসারণ করা হয়। এতে করে ৩.৭১ একর বা ৩৭১ শতাংশ ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির আনুমানিক বর্তমান বাজার মূল্য ১৭.২০ কোটি টাকার কম/বেশী। এছাড়া মোবাইল কোর্টের মাধ্যমে ২১০০০.০০ টাকা জরিমানা করা হয়। | | |
| | **খুলনা জোন:**<br>খুলনা জোনের এস্টেট ও আইন কর্মকর্তার নিকট হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ০২.০৪.২০২২ তারিখ ফরিদপুর সড়ক বিভাগাধীন (মাইজকান্দি) বোয়ালমারী-গোপালগঞ্জ (ভাটিয়াপাড়া) সড়কের ২৩তম কিলোমিটার (ওয়াপদার মোড়) হতে ২১তম কিলোমিটার (বোয়ালমারী বাজার চৌরাস্তা) পর্যন্ত সড়কের ২(দুই) পার্শ্বে সওজ অধিগ্রহণকৃত ভূমিতে অবৈধভাবে গড়ে ওঠা ১১০টি পাকা/আধাপাকা স্থাপনা অপসারণ করা হয়। এতে করে ১.৫ একর ভূমি অবৈধ দখল মুক্ত করা হয়। উক্ত ভূমির বর্তমান বাজার মূল্য আনুমানিক ১৫ কোটি টাকা। | উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (এস্টেট) এস্টেট ও আইন কর্মকর্তা, খুলনা |
| | **চট্টগ্রাম জোন:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, চট্টগ্রাম জোনের এস্টেট ও আইন কর্মকর্তার পদ খালি রয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে। | এস্টেট ও আইন কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত সচিব (এস্টেট)/ সম্পত্তি ও আইন কর্মকর্তা, চট্টগ্রাম |
| | **ঈদুল আযহা উপলক্ষ্যে মহাসড়ক নির্বিঘ্ন রাখা:**<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা) সভাকে জানান, আগামী মাসেই পদ্মা সেতু চালু হতে যাচ্ছে। পদ্মা সেতু চালু হলে ফরিদপুর-কুয়াকাটা ও নড়াইল-যশোরসহ অনান্য সড়কে যানচলাচল বেড়ে যাবে। তাই সড়কগুলো যানচলাচল উপযোগী করে রাখার জন্য প্রয়োজনীয় মেরামত ও সংস্কার এবং সড়কের উপরে আসা গাছের ডাল-পালা কেটে এখনই পরিস্কার করা প্রয়োজন। ঈদুল আযহা উপলক্ষ্যে যাতে গরুর হাট মহাসড়কের ওপরে বসতে না পারে প্রতিটি সড়ক বিভাগকে এ বিষয়ে সতর্ক থাকার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (ক) পদ্মা সেতু চালু হওয়ার পূর্বেই ফরিদপুর-কুয়াকাটা ও নড়াইল-যশোরসহ অনান্য সড়কের প্রয়োজনীয় সংস্কার/মেরামত ও সড়কের উপরে থাকা গাছের ডাল-পালা কেটে ফেলতে হবে।<br>(খ) ঈদুল আযহা উপলক্ষ্যে যাতে গরুর হাট মহাসড়কের ওপরে বসতে না পারে প্রতিটি সড়ক বিভাগকে এ বিষয়ে সতর্ক থাকতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল) |
| | **অবৈধ দখলমুক্ত ভূমি দখলে রাখা:**<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা) জানান, প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির অন্যতম কারণ হচ্ছে অবৈধ স্থাপনা। যথাসময়ে অবৈধ স্থাপনা উচ্ছেদ করা যায়না বিধায় অনাঙ্কাখিতভাবে প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধি পায়। তাই গুরুত্বের সাথে মহাসড়কের পার্শ্বের অবৈধ স্থাপনা চিহ্নিত করে ধারবাহিকভাবে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা প্রয়োজন। উদ্ধারকৃত জায়গা যাতে পুনরায় অবৈধ দখলে চলে না যায় সেজন্য বেড়ীগেট, বাউন্ডারী, বৃক্ষরোপন ও প্রয়োজনে রাস্তা সম্প্রসারণের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা দখলে রাখার জন্য সংশ্লিষ্ট সড়ক বিভাগসমূহ হতে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। | মহাসড়কের পার্শ্বের অবৈধ স্থাপনা চিহ্নিত করে ধারবাহিকভাবে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করতে হবে। উদ্ধারকৃত জায়গা বেড়ীগেট, বাউন্ডারী, বৃক্ষরোপন ও প্রয়োজনে রাস্তা সম্প্রসারণের মাধ্যমে দখলে রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/সম্পত্তি ও আইন কর্মকর্তা (সকল)/ নির্বাহী প্রকৌশলী (সকল |
| | **অবৈধ বিল বোর্ড অপসারণ:**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, মার্চ ২০২২ মাসের তথ্য অনুযায়ী ঢাকা, কুমিল্লা, সিলেট, রাজশাহী, রংপুর, খুলনা, বরিশাল ও গোপালগঞ্জ জোনের অধীন বিভিন্ন সড়ক বিভাগ হতে ২২৫টি অবৈধ বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড অপসারণ করা হয়। | ঢাকার প্রবেশ এবং বাহির পথসহ সারাদেশে সওজ এর জায়গায় স্থাপিত অবৈধ | প্রধান প্রকৌশলী, সওজ/সম্পত্তি ও আইন কর্মকর্তা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | বিলবোর্ড/ব্যানার/ফেস্টুন অপসারণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | (সকল)/ নির্বাহী প্রকৌশলী (সকল) |
| ৯. | **মোবাইল কোর্ট পরিচালনা:**<br>বিআরটিএ<br>জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়ক (ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে) ও অন্যান্য জাতীয় মহাসড়কে ছোট ছোট মোটরযান চলাচল বন্ধে এপ্রিল'২২ মাসে মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ০৫ মামলায় ১০,০০০/-(দশ হাজার) টাকা জরিমানা আদায় করা হয়েছে।<br>এছাড়াও, সারাদেশে মোবাইল কোর্ট কর্তৃক ১০৯০ (এক হাজার নব্বই)টি মামলার মাধ্যমে ২৮,৩৬,৯০০.০০ (আটাশ লক্ষ ছত্রিশ হাজার নয়শত) টাকা জরিমানা আদায়সহ ০৫(পাঁচ)টি গাড়ি ডাম্পিং স্টেশনে প্রেরণ এবং ০১(এক) জনকে কারাদন্ড প্রদান করা হয়েছে। সভাপতি অবহিত করেন, মহাসড়কে অবৈধ যান চলাচলের কারণে দুর্ঘটনা বৃদ্ধি পায়। তাই ঈদুল আযহার সময় দুর্ঘটনা কমিয়ে আনতে মহাসড়কে অবৈধ যান চলাচল বন্ধে মোবইল কোর্ট পরিচালনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি চেয়ারম্যান, বিআরটিএ'র দৃষ্টি আকর্ষণ করেন। | বিআরটিএ কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়ক (ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে) ও অন্যান্য জাতীয় মহাসড়কে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট) |
| ১০ | **বিআরটিসি বাসের সেবাদান কার্যক্রম মনিটরিং:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি বাসে বিআরটিএ কর্তৃক ৮টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অব্যস্থাপনার কারণে ১টি বাসকে (ঢাকা মেট্রো-ব-১৫-৫৫০৪) ১০,০০০/-(দশ হাজার) টাকা জরিমানা করা হয়েছে। এ বিষয়ে ম্যানেজার ও ড্রাইভারকে শোকজ করা হয়েছে। এছাড়া, মন্ত্রণালয় হতে গঠিত ভিজিলেন্স টিমের প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। অধিকাংশ গাড়ির ত্রুটি বিচ্যুতি এখন অনেক কমে আসছে। কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভাপতি চেয়ারম্যান, বিআরটিসিকে পরামর্শ প্রদান করেন। | বিআরটিসি বাসের সেবাদান কার্যক্রম মনিটরিং অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিএ/ বিআরটিসি)/ যুগ্মসচিব (বিআরটিসি) |
| ১১. | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**<br>**Grievance Redress System (GRS) :**<br>অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা জানান, মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ২৪টি এবং এ বিভাগের অনলাইনের মাধ্যমে ২১টি (সওজ'র ১৬টি, বিআরটিসি'র ১টি, বিআরটিএ'র ৪টি) অভিযোগ/মতামত পাওয়া গেছে। মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করা খুবই জরুরি, কারন এপিএ'র লক্ষ্যমাত্রায় মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির বিষয়টি অর্জন হিসেবে গন্য করা হবে। এ বিষয়ে দপ্তর/সংস্থা প্রধানদের দৃষ্টি আকর্ষণ করা হয় | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ অনুসরণে অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ গুরুত্বের সাথে নিষ্পত্তি করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **Public Service Innovation:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান,<br>(ক) চলমান ২টি রুটে মোবাইল এ্যাপস 'আমাদের বিআরটিসি'র কার্যকারিতা শীঘ্রই সরেজমিনে পরিদর্শন করা হবে। এ্যাপসটি বর্তমানে কুড়িল-গাউসিয়া ও ঢাকা-নারায়ণগঞ্জ ২টি রুটে কার্যকর রয়েছে। আরও ৬টি রুটে (১. ঘাটারচর-কাঁচপুর, ২. ঢাকা-লক্ষ্মীপুর, ৩. মহাখালী-কিশোরগঞ্জ, ৪. মিরপুর-কদমতলী, ৫. গাজীপুর-মতিঝিল এবং ৬. ঢাকা-নবাবগঞ্জ) অতিসত্তর চালু করা হবে। | (ক) (১) চলমান ২টি রুটে মোবাইল এ্যাপস 'আম্যাদের বিআরটিসি'র কার্যকারিতা সরেজমিনে দেখতে হবে।<br>(ক) (২) দ্রুত ৬টি রুটে এ্যাপসটির কার্যক্রম শুরু করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/চেয়ার ম্যান, বিআরটিসি/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | (খ) ডাটা মাইগ্রেশন কার্যক্রম চলমান রয়েছে। ডাটা মাইগ্রেশনপূর্বক সিস্টেম ডেভেলপমেন্টের কাজ শেষ করে যে কোন সার্কেল থেকে ড্রাইভিং লাইসেন্স নবায়নের কাজ শুরু করা হবে। সভাপতি বলেন, দীর্ঘদিন পর্যন্ত বিষয়টি একই অবস্থায় রয়েছে, এ বিষয়ে কার্যত কোনো উন্নতি নেই। আগামী সভায় সুনির্দিষ্ট অগ্রগতি সভাকে অবহিত করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। | (খ) যে কোন সার্কেল থেকে ড্রাইভিং লাইসেন্স নবায়নের কাজ শুরুর বিষয়ে আগামী সভায় সুনির্দিষ্ট অগ্রগতি অবহিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | (গ) নির্বাহী পরিচালক, ডিটিসিএ জানান, "ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র সেবা অনলাইনকরণ" বিষয়ে প্রচার প্রচারণা অব্যাহত রয়েছে। সর্বশেষ এ বিষয়ে নির্মিত ভিডিও চিত্র সরকারি টিভি চ্যানেল বিটিভি'তে প্রচারের উদ্দেশ্যে নির্মিত বিজ্ঞাপণচিত্রটি ডিভিডি আকারে বিটিভিতে প্রেরণ করা হয়েছে। | (গ) ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্র প্রদান কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার বিষয়টি ব্যাপকভাবে প্রচার অব্যাহত রাখতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ/ উপসচিব (টোল ও এক্সেল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (ঘ) উপসচিব (টোল ও এক্সেল) জানান, দপ্তর/সংস্থা ইনোভেশন, সেবা সহজীকরণ ও সেবা ডিজিটালাইজেশন তিনটি বিষয় আওতাধীন দপ্তর/সংস্থা সবাই সম্পন্ন করেছেন। বাস্তবায়নাধীন আইডিয়াসমূহের বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে শীঘ্রই একটি সভা করা হবে। সভায় সকল সেবা লাইভে দেখা হবে। | (ঘ) এ বিভাগ ও এর আওতাধীন সংস্থাসমূহের বাস্তবায়নাধীন আইডিয়াসমূহের ওপর অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে সভা করতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | (ঙ) ইনোভেশন আইডিয়া সংক্রান্ত প্রকাশনা প্রণয়নের লক্ষ্যে ২১.০৪.২০২২ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী তথ্যাদি প্রেরণের জন্য ইতোমধ্যে দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করা হয়েছে। এখন পর্যন্ত তথ্যাদি পাওয়া যায়নি। | (ঙ) ইনোভেশন আইডিয়া সংক্রান্ত প্রকাশনা প্রনয়নের লক্ষ্যে দপ্তর/সংস্থা হতে তথ্যাদি প্রেরণ করতে হবে। | |
| | **ই-ফাইল বাস্তবায়ন কার্যক্রম:**<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, ই-নথির কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে যুগ্মসচিব (প্রশাসন) এর সভাপতিত্বে ১০.০৫.২০২২ তারিখে এ বিভাগের প্রশাসনিক/ব্যক্তিগত কর্মকর্তাদের নিয়ে পর্যালোচনা সভা করা হয়। তিনি আরও জানান, মাঠ পর্যায়ে অফিসসমূহ ই-নথির আওতায় না থাকায় তাদের অনুকূলে পত্রজারি করা সম্ভব হয়না। তাছাড়া, মাঠ পর্যায়ের অফিসগুলো ই-নথির কার্যক্রম শুরু না করায় এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না। এ বিষয়ে সভাপতি মাঠ পর্যায়ে ই-নথির কার্যক্রম চালু করার উদ্যোগ গ্রহণেরে জন্য দপ্তর/সংস্থা প্রধানধের অনুরোধ জানান এবং সার্বিক সহযোগিতা প্রদান ও প্রশিক্ষণের জন্য এটুআইএ'র সাথে যোগাযোগ এবং মন্ত্রালয়ের আইসিটি ইউনিটের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ প্রদান করেন। | দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ে ই-নথির কার্যক্রম চালু করতে হবে এবং এটুআইএ'র সহযোগিতায় কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানসহ সকল ধরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/দপ্তর/ সংস্থা প্রধান/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১২. | **বিবিধ:**<br>**ক. ডিও পত্রের ওপর কার্যক্রম গ্রহণ:**<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্প সম্পর্কিত মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী ও সংসদ সদস্যবৃন্দসহ অন্যান্যদের নিকট হতে প্রাপ্ত ডি.ও পত্রের আলোকে কার্যক্রম অব্যাহত আছে। | ডি.ও পত্রের ওপর মন্ত্রণালয় হতে কার্যক্রম অব্যাহত রাখতে হবে | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত সচিব (উন্নয়ন/ পরিকল্পনা) |
| | **খ. মহাসড়কে টোল আদায় পদ্ধতি চালুকরণ:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান,<br>(১) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়কের (ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে) টোল হার নির্ধারণের বিষয়ে ২৪.০৪.২০২২ তারিখে সভা আহবান করা হয়েছে। | (১) টোল হার নির্ধারণের জন্য সংশ্লিষ্টদের নিয়ে সভা করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল) |
| | (২) মেঘনা-গোমতী সেতুর টোল আদায়ের লক্ষ্যে সার্ভিস প্রোভাইডার নিয়োগের দরপত্র PSN ডকুমেন্ট অনুযায়ী আহবান করা হয়েছিল। কিন্তু QCBS পদ্ধতি অনুসারে দরপত্র আহবানের জন্য এ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। | (২) মেঘনা-গোমতী সেতুর টোল আদায়ের জন্য সার্ভিস প্রোভাইডার নিয়োগে QCBS পদ্ধতি অনুসারে দরপত্র আহবান করতে হবে। | |
| | (৩) সাসেক-১ এ টোল প্লাজা নির্মাণের প্রাক্কলন প্রস্তুতের Preliminary estimate এর কাজ চলমান রয়েছে। প্রশাসনিক অনুমোদনের জন্য শীঘ্রই পত্র প্রেরণ করবে। | (৩) সাসেক-১ এ টোল প্লাজা নির্মাণের প্রাক্কলন প্রস্তুতের কাজ সম্পন্ন করতে হবে। | |
| | (৪) নির্মাণাধীন বিশ্রামাগারের সেবার হার অনুমোদনের জন্য অর্থ বিভাগে প্রেরণের জন্য তুলনামূলক বিবরণীসহ প্রতিবেদন প্রস্তুতপূর্বক এ বিভাগে প্রেরণের জন্য ৩১ মার্চ ২০২২ তারিখ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়। ২৬ এপ্রিল ২০২২ তারিখে একটি তাগিদপত্রও প্রেরণ করা হয়েছে। তুলনামূলক বিবরণীসহ প্রতিবেদন প্রাপ্তির পর খসড়া নির্দেশিকার ওপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | (৪) (১) বিশ্রামাগারের রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য অর্থ বিভাগে প্রেরণের নিমিত্ত তুলনামূলক বিবরণীসহ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | |
| | (৪) (২) সওজ অধিদপ্তরের প্রতিনিধি জানান, কুমিল্লা ও পাবনাতে নির্মিত বিশ্রামাগার রক্ষণাবেক্ষণ ও পরিচালনার লক্ষ্যে সার্ভিস প্রোভাইডার নিয়োগের জন্য QCBS পদ্ধতি অনুসারে দরপত্র আহবানের জন্য মাঠ পর্যায়ে নির্দেশনা দেয়া হয়েছে। কার্যক্রম চলমান আছে। | (৪) (২) কুমিল্লা ও পাবনাতে নির্মিত বিশ্রামাগার রক্ষণাবেক্ষণ ও পরিচালনার লক্ষ্যে সার্ভিস প্রোভাইডার নিয়োগের জন্য QCBS পদ্ধতি অনুসারে দপরপত্র আহবান করতে হবে। | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **গ. অধীনস্থ সংস্থাসমূহের আইটি অডিট**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, শাহ আমানত সেতু এবং রূপসা সেতু টোল প্লাজায় ২০২১-২২ অর্থবছরের মধ্যে আইটি অডিট কার্যক্রম সম্পন্ন করতে কম্পিউটার কাউন্সিলকে পত্র দেয়া হয়েছিল। ইতোমধ্যে শাহ আমানত সেতুর আইটি অডিট সম্পন্ন হয়েছে। কম্পিউটার কাউন্সিলের প্রতিনিধি দল আগামী ২২ ও ২৩ মে ২০২২ তারিখে রূপসা সেতুর টোল প্লাজা পরিদর্শন করবেন। | রূপসা সেতুর টোল প্লাজায় আইটি অডিট কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে কম্পিউটার কাউন্সিলের সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল) |
| | **ঘ. ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে এর নাম জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নামকরণঃ**<br>সিনিয়র সহকারী সচিব (সম্পত্তি) জানান, ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে এর নাম মাননীয় প্রধান মন্ত্রীর অনুমোদনক্রমে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়ক নামকরণ করা হয়েছে। যা গেজেটে প্রকাশিত হয়েছে। কিন্তু সড়ক ও জনপথ অধিদপ্তরসহ অন্যান্য দপ্তর/সংস্থা নামটি ব্যবহার করছেনা। সড়ক ও জনপথ অধিদপ্তরকে নামটি ব্যবহারের জন্য সভায় নির্দেশনা দেয়া হয় এবং মাঠ পর্যায়ে যাতে নামটি ব্যবহার করা হয় এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য প্রধান প্রকৌশলীকে সভায় পরামর্শ প্রদান করা হয়। | ঢাকা-মাওয়া-ভাঙ্গা এক্সপ্রেসওয়ে নামের পরিবর্তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাসড়ক নাম ব্যবহার করতে হবে এবং অফিসসহ বিভিন্ন জায়গায় উক্ত নাম ব্যবহারের জন্য সকলকে নির্দেশনা দিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **ঙ. <u>Unified টোল কালেকশন সিস্টেম (Uniform Method)</u> বাস্তবায়ন:**<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বুয়েট, বিসিসি ও সওজ এর আইসিটি প্রতিনিধিদের সমন্বয়ে Unified Toll Collection System এর Hardware Specification এর যথার্থতা যাচাই কার্যক্রম গত ২৫.০৪.২০২২ তারিখে সম্পন্ন হয়েছে।<br>Specification অনুযায়ী Hardware ক্রয় প্রক্রিয়ার প্রস্তুতি চলমান আছে। উল্লেখ্য যে, উক্ত Hardware ব্যবহার করে ৩ টি টোল প্লাজায় (মেঘনা-গোমতী, লালন শাহ সেতু (পাবনা) ও চট্টগ্রাম পোর্ট এক্সেস রোড) টোল প্লাজায় Unified Toll Collection System পাইলটিং করা হবে। পাইলটিং কার্যক্রম সম্পন্ন হলে সারাদেশে এর ব্যবহার করা হবে। | Specification অনুযায়ী Hardware ক্রয় প্রক্রিয়ার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| | **ঙ. ডিটিসিএ ভবন নির্মাণ সংক্রান্ত:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, গত ২৫ এপ্রিল ২০২২ সকাল ১০:০০ ঘটিকায় প্রধান প্রকৌশলী মহোদয়ের সভাপতিত্বে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাসহ ঠিকাদারের সাথে সভা করা হয়েছে। ডিটিসিএ ভবনের অসমাপ্ত কাজ সম্পন্ন করে ৫টি ফ্লোর জুন'২২ মাসের মধ্যে ডিটিসিএ-কে বুঝিয়ে দেয়ার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | আগামী জুন'২২ এর মধ্যে ৫টি ফ্লোর ডিটিসিএ-কে বুঝিয়ে দিতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| | **চ. এ বিভাগ ও দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণ সংক্রান্ত:**<br>শূন্যপদ পূরণে দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম নিম্নরূপ:<br>**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>যুগ্মসচিব (প্রশাসন) জানান, এ বিভাগের ২৩৯টি পদের মধ্যে ৫৩টি (১ম শ্রেণির ২৭টি, ২য় শ্রেণির ১০টি, ৩য় শ্রেণির ১০টি ও ৪র্থ শ্রেণির ০৬টি) শূন্যপদ রয়েছে। ১ম শ্রেণির সহকারী প্রোগ্রামার এর ১টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য এবং ১টি পদে সরাসরি নিয়োগের জন্য গত ২৮.১২.২০২০ ও ২০.০১.২০২১ তারিখে বিপিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং ০১টি পদ পদোন্নতি কোটায় পূরণযোগ্য বিধায় পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়ার পর পূরণ করা হবে। ২য় শ্রেণির ১০টি শূন্য পদের মধ্যে সরাসরি কোটার ব্যক্তিগত কর্মকর্তা পদে ০৪টি পদে সরাসরি নিয়োগের জন্য বিপিএসসি'তে গত ০২-০৯-২০১৯ তারিখে পত্র প্রেরণ করা হয়। ব্যক্তিগত কর্মকর্তার ০৪টি পদে বিপিএসসি হতে অদ্যাবধি সুপারিশ না পাওয়ায় গত ২২.১২.২০২০ ও ১৪.০৩.২০২২ তারিখে তাগিদপত্র দেয়া হয়। পদোন্নতি কোটার প্রশাসনিক কর্মকর্তার ০৪টি পদ পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়ার পর পূরণ করা হবে। এছাড়া প্রশাসনিক কর্মকর্তা ০১টি ও ব্যক্তিগত কর্মকর্তা ০১টি মোট ০২টি পদ সংরক্ষিত আছে। ৩য় শ্রেণির শূন্য পদ পূরণের লক্ষ্যে চলতি অর্থবছরে এ বিভাগ কর্তৃক নিয়োগের সকল কার্যক্রম সম্পন্নের পর চূড়ান্তভাবে সুপারিশকৃত ১৪ জন প্রার্থীর মধ্যে ১৩ জন প্রার্থী গত ১৫-১২-২০২১ তারিখে যোগদান করে। ০১টি পদ সংরক্ষণ ও সুপারিশকৃত ০১ জন প্রার্থী যোগদান না করায় এবং উক্ত নিয়োগ চলাকালীন/নিয়োগ সম্পন্নের পর পদোন্নতি, মৃত্যুজনিত কারণে সরাসরি/পদোন্নতি কোটার মোট ১০টি পদ শূন্য হয়। চলতি ২০২১-২০২২ অর্থবছরে এ বিভাগে নিয়োগ সম্পন্ন করায় ভবিষ্যতে সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে উক্ত শূন্য পদসমূহ পূরণের কার্যক্রম গ্রহণ করা হবে। ৪র্থ শ্রেণির শূন্য পদ পূরণের লক্ষ্যে চলতি অর্থবছরে এ বিভাগ কর্তৃক নিয়োগের সকল কার্যক্রম সম্পন্নের পর চূড়ান্তভাবে সুপারিশকৃত ১৪ জন প্রার্থীর মধ্যে ১১ জন প্রার্থী গত ১৫-১২-২০২১ তারিখে যোগদান করে। ০১টি পদ সংরক্ষণ ও সুপারিশকৃত ০৩ জন প্রার্থী যোগদান না করায়, কর্মরত ০১ জন অফিস সহায়ক বিভাগীয় প্রার্থী হিসেবে অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে নিয়োগ পাওয়ায় এবং উক্ত নিয়োগ চলাকালীন/নিয়োগ সম্পন্নের পর পদোন্নতিজনিত কারণে মোট ০৬টি পদ শূন্য হয়। বর্তমানে ৪র্থ শ্রেণির আরও ০৭টি পদ সৃজনের কার্যক্রম চলমান থাকায় এবং চলতি ২০২১-২০২২ অর্থবছরে এ বিভাগে নিয়োগ সম্পন্ন করায় ভবিষ্যতে সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে উক্ত শূন্য পদসমূহ পূরণের কার্যক্রম গ্রহণ করা হবে। | সরাসরি ও পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য পদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ডিটিসিএ:** অতিরিক্ত নির্বাহী পরিচালক (পলিসি অ্যান্ড প্ল্যানিং), ট্রেনিং এ্যাডভাইজার, সিনিয়র সিস্টেম এনালিস্ট পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য ডিটিসিএ'র প্রস্তাবের প্রেক্ষিতে মন্ত্রণালয় হতে ১৪.০২.২০২২ তারিখে এবং ট্রেনিং এ্যাডভাইজার পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের প্রস্তাবের প্রেক্ষিতে মন্ত্রণালয় হতে ২০.০২.২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে। শূন্য পদের মধ্যে প্রেষণযোগ্য ৪র্থ ও ৫ম গ্রেডভূক্ত (৩+৬) ৯টি পদে প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য ডিটিসিএ'র গত ২৪.০১.২০২২ তারিখের প্রস্তাবের প্রেক্ষিতে মন্ত্রণালয় হতে গত ২০.০২.২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে। উপপরিচালক এর ২টি পদের মধ্যে ১টি, ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার এবং ম্যাস ট্রানজিট প্ল্যানার পদে মোট ৩জন কর্মকর্তা প্রেষণে পদায়ন করা হয়। ইতোমধ্যে ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার এবং উপপরিচালক কে অন্যত্র বদলি করা হয়েছে। ৫ম হতে ৯ম গ্রেডভুক্ত ১৮টি বিভিন্ন পদে মোট ১৮ জন কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। লিখিত পরীক্ষা আয়োজনের জন্য বুয়েটের সাথে যোগাযোগ অব্যাহত আছে। আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে সৃজিত ২০টি অফিস সহায়ক পদের মধ্যে মামলায় অন্তর্ভুক্ত ৭টি অফিস সহায়ক পদ ব্যতীত ১৩টি অফিস সহায়ক পদ অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজনের সম্মতি গ্রহণের লক্ষ্যে নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী প্রস্তাব গত ২১.০১.২০১৫ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় প্রেরণ করা হলে ৮টি পদের সম্মতি প্রদান করে। অর্থ বিভাগের শর্তানুসারে অফিস সহায়ক ৮টি পদ অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজনের লক্ষ্যে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সদয় বিবেচনা ও সুপারিশ গ্রহণের লক্ষ্যে প্রস্তুতকৃত সার-সংক্ষেপ গত ০৪.০১.২০২২ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, অর্থ বিভাগের সম্মাতি হতে বাদ পড়া ৫টি পদ রাজস্বখাতে সৃজনের পুন:প্রস্তাব প্রেরণ করা হলে পুনরায় অসম্মতি জ্ঞাপন করেছে। নির্বাহী পরিচালক সভাকে জানান, ডিটিসিএ'র গুরুত্বপূর্ণ পদগুলোতে জনবল না থাকায় স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। প্রেষণে পূরণযোগ্য পদগুলোতে দ্রুত কর্মকর্তা পদায়ন করা প্রয়োজন।<br><br>সহকারী সচিব (ডিটিসিএ) জানান, প্রেষণে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় ১৪.০২.২০২২ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। | প্রেষণে পদায়নযোগ্য ডিটিসিএ'র গুরুত্বপূর্ণ পদগুলো পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে | অতিরিক্তসচিব (আরবান ট্রান্সপোর্ট) |
| | **বিআরটিসি:** ৫৮৯৩টি পদের মধ্যে ২৪৫৩টি শূন্য রয়েছে। পার্চেজ অফিসার ৪টি প্রশাসনিক কর্মকর্তা ১টি, সহকারী পরিসংখ্যান কর্মকর্তা ১টি, ফোরম্যান-০১টি, উপসহকারী প্রকৌশলী-০২টি পদে জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত হয়েছে। অফিস সহকারী-কাম কম্পিউটার অপারেটর-২১টি পদের নিয়োগের সকল কার্যক্রম সম্পন্ন হয়েছে। ১৯ জন যোগদান করেছেন এবং এবং কন্ডাকটর ২০০টি পদে নিয়োগের লক্ষ্যে ১৩.০১.২০২২ তারিখ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ৫৭ হাজার প্রার্থী আবেদন করেছেন। পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান আছে। | নিয়োগের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **বিআরটিএ:** বিআরএ'র প্রতিনিধি জানান অর্গানোগ্রাম হালনাগাদ হওয়ায় বর্তমান পদের সংখ্যা ৯১৬টি তন্মধ্যে মধ্যে ১১২টি পদ শূন্য রয়েছে। পদোন্নতি কোটায় রেভিনিউ কর্মকর্তার ০১(এক)টি ও সহকারী পরিচালক (সাধারণ) এর ১০(দশ)টি এবং সহকারী পরিচালক (ইঞ্জি:) এর ০৬(ছয়)টি পদ পূরণের নিমিত্ত যথাক্রমে গত ২২.০৩.২০২২ ও ২৩.০৩.২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে বিআরটিএ শাখা হতে জানানো হয়েছে, রাজস্ব কর্মকর্তা-১টি ও সহকারী পরিচালক (সাধারণ) এর ১০টি পদের প্রস্তাব পিএসসিতে প্রেরণের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। সহকারী পরিচালক (ইঞ্জি:) এর ০৬(ছয়)টি পদের বিষয়ে কিছু তথ্য চেয়ে বিআরটিকে অনুরোধ করা হয়েছে। উপপরিচালক (ইঞ্জি:) এর ০২(দুই)টি ও উপপরিচালক (অপারেশন) এর ০১(এক)টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত গত ০৭.০৪.২০২২ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ডিপিসি সভা আয়োজন প্রক্রিয়াধীন আছে। ১ম শ্রেণীর উপপরিচালক (আইন) এর ০১টি, সহকারী পরিচালক (ইঞ্জি:) এর ৪টি, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর ১টি পদ এবং ২য় শ্রেণীর মোটরযান পরিদর্শক এর ১০টি শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত বিআরটিএ'র প্রস্তাবের প্রেক্ষিতে সুপারিশের জন্য মন্ত্রালয় হতে গত ০৭.০৪.২০২২ তারিখে পিএসসিতে পত্র দেয়া হয়েছে। বিভিন্ন ক্যাটাগরির ৩য় ও ৪র্থ শ্রেণীর ২২টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | সরাসরি ও পদোন্নতিযোগ্য পদগুলো পূরণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ |
| | **সওজ অধিদপ্তর:** সড়ক ও জনপথ অধিদপ্তরের ৯৪৩১টি পদের মধ্যে ৪৭৭২টি শূন্য পদ রয়েছে ১ম শ্রেণির শূন্য ১৮৮টি পদের মধ্যে ৪০তম বিসিএস এর মাধ্যমে ৯ম গ্রেডভূক্ত সরাসরি নিয়োগযোগ্য সহকারী প্রকৌশলী এর ১৮টি শূন্য পদ পূরণের নিমিত্তে পিএসসি কর্তৃক চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে (সিভিল-৩ ও যান্ত্রিক-১৫)। ৪১তম, ৪৩তম ও ৪৪তম বিসিএস এর মাধ্যমে মোট ৬২জন ৯ম গ্রেডভুক্ত সহকারী প্রকৌশলী পদে নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) হতে পদোন্নতি কোটায় প্রাপ্ত সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) পদে ৪ জনকে ০৬.০৪.২০২২ তারিখে পদোন্নতি প্রদান করা হয়েছে এবং সহকারী প্রকৌশলী (সিভিল) পদে ১২ জনের পদোন্নতি প্রস্তাব ১১.০৪.২০২২ তারিখে পিএসসিতে প্রেরণ করা হয়েছে। সরাসরি/পদোন্নতির মাধ্যমে নিয়োগযোগ্য/পূরণযোগ্য সহকারী বৃক্ষপালনবিদ এর ০২টি, সহকারী প্রোগ্রামার এর ০১টি ও রিসার্চ অফিসার এর ০১টি শূন্য পদ পূরণের কার্যক্রম চলমান আছে।<br><br>২য় শ্রেণির ২৪৯টি পদের মধ্যে পিএসসি'র মাধ্যমে সুপারিশপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর ৮১টি পদে প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশি তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র | নিয়োগ কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) এর ৮১টি পদে প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা ও পুলিশি তদন্ত প্রতিবেদনের জন্য সংশ্লিষ্ট পুলিশ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | প্রেরণের কার্যক্রম চলমান। উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) এর ১১টি পদ পূরণের জন্য পিএসসি-তে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। রীট মামলা থাকায় পদোন্নতি কোটায় কিছু সংখ্যক পদ শূন্য রয়েছে।<br><br>৩য় শ্রেণির ২৭৮৯টি পদের মধ্যে কার্যসহকারী এর ১৭৪টি পদে লিখিত পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান। গবেষণা সহকারী এর ০১টি শূন্য পদ পূরণের কার্যক্রমের নিমিত্তে পুলিশি তদন্ত প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার জন্য পত্র প্রেরণ করা হয়েছে। আরবরিকালচার সেকশনাল অফিসার এর ০১টি পদ পূরণের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সার্ভেয়ার এর ২৭টি পদে এবং ইলেকট্রিশিয়ান এর ৩২টি পদে নিয়োগের নিমিত্তে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। সিনিয়র একাউন্টস ক্লার্ক এর ৬৫টি পদ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার দপ্তর থেকে প্রেষণের মাধ্যমে পূরণ করা হয়ে থাকে। ৩য় শ্রেণীভূক্ত অন্যান্য পদসমূহে রীট মামলা থাকায় নিয়োগ প্রক্রিয়া গ্রহণের জন্য ছাড়পত্র পাওয়া যাচ্ছে না।<br><br>৪র্থ শ্রেণির ১৫৪৮ টি পদের মধ্যে সড়ক শ্রমিক-১০৬টি পদের মৌখিক পরীক্ষা সম্পন্ন হয়েছে। অফিস সহায়ক এর ৬৬টি পদে লিখিত পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান। এছাড়া, অন্যান্য পদসমূহে রীট মামলা থাকায় নিয়োগ প্রক্রিয়া গ্রহণের জন্য ছাড়পত্র পাওয়া যাচ্ছে না। | | |
| | **ছ. মাননীয় মন্ত্রী মহোদয়ের পর্যবেক্ষণ/নির্দেশনা**<br>এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম সম্পর্কে মাননীয় মন্ত্রী ৯টি গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন। এর মধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ১টি, সওজ অধিদপ্তরের ৪টি, বিআরটিএ'র ২টি, ডিটিসিএ'র ১টি নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে সওজ এর ২টি নির্দেশনা বাস্তবায়িত হয়েছে। গুরুত্বপূর্ণ নির্দেশনাসমূহের বাস্তবায়ন কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ:<br><br>**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ:**<br>**নির্দেশনা ১:** ইজিবাইক, নসিমন, করিমন, লেগুনা বা ব্যাটারি চালিত ছোট ছোট যানসমূহ নিয়ন্ত্রণের জন্য জরুরিভিত্তিতে বিআরটিএ এবং পরিবহন বিশেষজ্ঞ ব্যক্তিবর্গের সাথে পর্যালোচনাক্রমে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ একটি নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করবে এবং এক মাসের মধ্যে নীতিমালার খসড়া প্রণয়ন সম্পন্ন করবে।<br><br>**বাস্তবায়ন অগ্রগতি:** সহকারী সচিব, বিআরটিএ জানান, থ্রি-হুইলার ও সমজাতীয় মোটরযানের সুষ্ঠু ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ নীতিমালা-২০২২ এর খসড়ার ওপর বিভিন্ন মন্ত্রালয়/বিভাগ ও ব্যক্তির নিকট হতে প্রাপ্ত মতামতের আলোকে প্রস্তুতকৃত খসড়ার ওপর ১৩.০৩.২০২২ তারিখ আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়াটি চূড়ান্ত করা হচ্ছে। | আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুযায়ী খসড়া চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট) |
| | **নির্দেশনা ২:** কক্সবাজার-টেকনাফ মেরিন ড্রাইভ সড়কের প্রশস্ততা বৃদ্ধি করতে হবে এবং এ সড়কে লাইটিং এর ব্যবস্থা সংযোজনের নিমিত্ত প্রকল্প কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করে পর্যটন বান্ধব করতে হবে।<br><br>**বাস্তবায়ন অগ্রগতি:** উপসচিব (প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা) জানান, পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ২৭/০১/২০২২ তারিখে পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। একনেক সভায় উত্থাপনের জন্য যোগাযোগ অব্যাহত আছে। | একনেক সভায় উত্থাপনের জন্য পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ |
| | **নির্দেশনা ৩:** দীর্ঘসূত্রিতা কাটিয়ে অবিলম্বে চট্রগ্রাম-কক্সবাজার এবং ঢাকা-সিলেটে জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণের কাজ ত্বরান্বিত করতে হবে।<br><br>**বাস্তবায়ন অগ্রগতি:** প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান-<br>(ক) চট্রগ্রাম - কক্সবাজার জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণের লক্ষ্যে প্রকল্প পিপিপি পদ্ধতিতে করার জন্য বুয়েট কর্তৃক স্টাডি করা হচ্ছে। এখনও এটি সম্পন্ন হয়নি, শেষ হতে সময় লাগবে। পাশাপাশি গুরুত্ব বিবেচনায় মহাসড়কটি প্রশস্থতা বৃদ্ধির জন্য একটি ডিপিপি প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে।<br><br>(খ) ঢাকা-সিলেটে জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্পের কাজ ১২টি প্যাকেজের মাধ্যমে করা হবে। ১২টি প্যাকেজের টেন্ডার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ২টি প্যাকেজের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। পাশাপাশি ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান আছে। | ক. চট্রগ্রাম - কক্সবাজার জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নয়নের লক্ষ্যে স্টাডি সম্পাদনের জন্য বুয়েটের সাথে যোগাযোগ রাখতে হবে আপাতত সড়কের প্রশস্ততা বৃদ্ধির জন্য ডিপিপি প্রণয়নের উদ্যোগ নিতে হবে।<br><br>খ. ঢাকা-সিলেট জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্প কাজের ১২টি প্যাকেজের টেন্ডার কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল) |
| | **নির্দেশনা ৪:** দাউদকান্দি টোল প্লাজায় স্থাপিত অ্যাপস্ ভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) এর ব্যবহার জনপ্রিয় করার লক্ষ্যে প্রচারণার ওপর গুরুত্বারোপ করতে হবে। এছাড়াও যে সকল ব্রিজে এ্যাপস্ ভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন সংস্থাপন করা সম্ভব সেগুলোতে ব্যবস্থাটি চালু করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়ন অগ্রগতি:** উপসচিব (টোল ও এক্সেল) জানান, সওজ অধিদপ্তর হতে জানানো হয়েছে, অ্যাপসভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) এর ব্যবহার জনপ্রিয় করা এবং ETC ব্যবহারে প্রণোদনা দেয়ার বিষয়টি ব্যাপকভাবে প্রচার অব্যাহত রয়েছে। বিভিন্ন পত্রিকা ও টিভির | অ্যাপসভিত্তিক ইলেকট্রনিক টোল কালেকশন (ETC) এর ব্যবহার জনপ্রিয় করা এবং ETC ব্যবহারে প্রনোদনা | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | স্কুলে প্রচারনা করার জন্য সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরামর্শ প্রদান করা হয়। | দেয়ার বিষয়টি ব্যাপক ভাবে প্রচার করতে হবে। | (টোল ও এক্সেল) |
| | **বিআরটিএ:**<br>**নির্দেশনা ৫:** রাইড শেয়ারিং সার্ভিসে ব্যবহৃত মোটরযানে ৯৯৯ ফোন নম্বর ব্যবহারের বিষয়টি শর্তযুক্ত করে ০১.০৭.২০১৯ হতে বিআরটিএ কর্তৃক রাইড শেয়ারিং কোম্পানিসমূহকে লাইসেন্স প্রদান করতে হবে এবং রাইড শেয়ারিং সার্ভিসে ভ্রমণের দূরত্ব অনুযায়ী সর্বোচ্চ ভাড়া নির্ধারণ করে দিতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:** ০৮ মে ২০২২ তারিখ পর্যন্ত মোট ১৫টি প্রতিষ্ঠানকে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান হিসেবে বিআরটিএ থেকে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে। উক্ত ১৫টি প্রতিষ্ঠানের মধ্যে ১৪টি রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান বিআরটিএ হতে রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রাপ্ত হয়েছে। নীতিমালা অনুসরণ করে রাইডশেয়ারিং সার্ভিস পরিচালনা এবং এনলিস্টমেন্ট সর্টিফিকেট প্রদান কার্যক্রম চলমান আছে। উল্লেখ্য ৩০ মার্চ'২২ তারিখ পর্যন্ত ১৪টি রাইডশেয়ারিং সেবাদানকারী প্রতিষ্ঠানের বিপরীতে মোট ২৮,৬০০ (আটাশ হাজার ছয়শত)টি রাইডশেয়ারিং মোটরযান এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান করা হয়েছে। | নীতিমালা অনুসরণ করে রাইড শেয়ারিং সার্ভিস পরিচালনা এবং এনলিস্টমেন্ট সার্টিফিকেট প্রদান অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ অতিরিক্ত সচিব (এস্টেট) |
| | **নির্দেশনা ৬:** পরিবহন সেক্টরে শৃঙ্খলা আনয়নের লক্ষ্যে প্রণীত সড়ক পরিবহন আইন, ২০১৮ কার্যকর করার নিমিত্ত এ আইনের অধীন বিধি প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:** বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে ক্রম ৬(ক)-তে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে। তাই পুনরায় আলোচনার প্রয়োজন নেই। | ক্রম ৬ (ক)-তে আলোচনা ও সিদ্ধান্ত হয়েছে। | অতিরিক্ত সচিব (প্রশাসন/এস্টেট) /চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (আইন) |
| | **ডিটিসিএ**<br>**নির্দেশনা ৭:** ঢাকা মহানগরীর যানজট নিরসন ও পরিবহন ব্যবস্থার উন্নয়ন সংক্রান্ত কমিটির কার্যক্রম আরও শক্তিশালী করার জন্য কমিটিতে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার বিভাগ ও মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-কে ডিটিসিএ'র পরিচালনা পর্ষদে অন্তর্ভুক্ত করতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:** সহকারী সচিব (ডিটিসিএ) জানান, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ আইন, ২০২১ এর চূড়ান্ত করার নিমিত্ত গত ১০/০৪/২০২২ তারিখে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে গত ১৯.০৪.২০২২ তারিখে বিভিন্ন মন্ত্রালয়/বিভাগ/দপ্তর/সংস্থার মতামতের জন্য পত্র দেয়া হয়েছে। | বাংলাদেশ নগর পরিবহন কর্তৃপক্ষ সমন্বয় আইন, ২০২২ এর ওপর স্টেক হোল্ডারদের মতামত প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) |

০৩। আলোচ্যসূচিতে আর কোন বিষয় অন্তর্ভুক্ত না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ করে সভা সমাপ্ত করেন।

২৯/৫/২০২২

মোঃ নজরুল ইসলাম
সচিব